**"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক
মন্ত্রণালয়
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়ঢাকা।,
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা' (খসড়া) চূড়ান্তভাবে অনুমোদনের নিমিত্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ সায়েদুল ইসলাম সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময়	:	২৫.০৩.২০২১ খ্রি:, বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান	:	সভাকক্ষ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-ক।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় সভাপতি গঠিত কমিটি ও এর প্রস্তাবিত খসড়া নিয়ে আলোচনা করেন এবং সভার কার্যপত্রে উল্লিখিত বিষয়াবলির উপর সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে তাদের মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ জানান।

০৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (মবিঅ-২) জনাব মোহাম্মদ মাশহুদুল কবীর সভার আলোচ্যসূচী মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তর এর অধীনে 'স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা' (খসড়া)টি চূড়ান্তকরণ সম্পর্কিত উপস্থাপিত খসড়াটি সকলকে পড়ে শুনান। উক্ত খসড়াটিতে বিভিন্ন ধারা/উপধারা সংযোজন/বিয়োজনে উপস্থিত সকলেই স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন।

০৪। অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মোঃ মেহেদী মাসুদুজ্জামান বলেন যে, বর্ণিত নির্দেশিকায় সমিতির মালামাল সম্পর্কিত 'চেকলিস্ট' থাকলে ভাল হয়।

০৫। এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় বলেন যে, এ ধরণের নির্দেশিকায় মুখবন্ধটি যুগোপযোগী করা দরকার। এক্ষেত্রে ৮ম পঞ্চবার্ষিকী ও ভিশন-২১ অনুসরণ করা দরকার।

০৬। এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ফরিদা পারভীন বলেন, আলোচ্য নির্দেশিকাটি সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগের APA -তে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদন করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। সে হিসেবে নির্দেশিকাটি চূড়ান্তকরণ অত্যাবশ্যক।

০৭। **বিস্তারিত আলোচনা শেষে 'স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা' (খসড়া)টি চূড়ান্তকরণে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

(১) স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকাটি 'স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা-২০২১' শিরোনামে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মুখবন্ধটি ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও ভিশন-২১ এর আলোকে পুনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) মুখবন্ধটির 'সংগঠণ' বানানটি শুদ্ধরূপে 'সংগঠন' হিসেবে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) 'পটভূমি'-তে ৫ম লাইনে 'জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়'-এর পরিবর্তে 'তৎকালীন জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বর্তমানে উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর প্রতিস্থাপিত হবে।

(৫) ধারা-২ এর সংজ্ঞা (খ)-তে 'ক্ষেত্রমতে মহাপরিচালক' যোগ হবে। (জ)-এর শিরোনামে জাতীয় পর্যায়ে সমিতি বলতে 'দেশের যে কোন জেলার সমিতির কার্যক্রম পরিচালনায় সক্ষমতা আছে এমন সমিতি' বাক্যটি সংযুক্ত হবে।

(৬) ধারা-৪ নিবন্ধন প্রাপ্তির শর্তাবলীঃ ক্রমিক (৩)-তে ২য় লাইনে 'নিম্নোক্ত' শব্দের পরিবর্তে 'সংশ্লিষ্ট' শব্দ প্রতিস্থাপিত হবে এবং ক্রমিক (৪) তে 'এবং নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকা প্রতি বছরে একবার নবায়ন করতে হবে' বাক্যটি বাদ যাবে।

(৭) ধারা-৬ তে ২য় লাইনে 'বিশেষ' এর পরিবর্তে 'বিশেষে' শব্দটি প্রতিস্থাপিত হবে।

(৮) ধারা-৯ তে বিদ্যমান ধারাটি নিম্নরূপ প্রতিস্থাপিত হবে-
'নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার সনদপত্র হারিয়ে গেলে, পুড়ে বা নষ্ট হয়ে গেলে এ সংক্রান্ত সমিতির সাধারন সভার কার্যবিবরণী, সংশ্লিষ্ট থানায় জিডি ও ১০০০ (এক হাজার) টাকার ট্রেজারী চালানসহ সংশ্লিষ্ট সমিতি/সংস্থার আবেদনের প্রেক্ষিতে নিবন্ধন কর্তৃপক্ষ ডুপ্লিকেট সনদপত্র ইস্যু করতে পারবেন'।

(৯) ধারা-১৬ তে (১)(ক) তে 'কমপক্ষে এক তৃতীয়াংশ' শব্দটুকু বাদ হয়ে তদস্থলে 'সংখ্যাগরিষ্ঠ' শব্দটি যোগ হবে এবং সর্বশেষে 'থাকতে হবে' শব্দটি যোগ হবে।

(১০) ধারা-১৯ এর 'গ' শিরোনামে নিম্নরূপ যোগ হবে-
(গ) তদন্তে কোনো সমিতি/সংস্থা'র বিরুদ্ধে রাষ্ট্রবিরোধী/সমাজ বিরোধী, নাশকতা ও জনস্বার্থ বিরেধী কার্যক্রমে সংশ্লিষ্ট থাকলে সমিতির নিবন্ধন বাতিল হবে।

(১১) ধারা-২১ এর (ক) তে 'তিন পঞ্চমাংশ' শব্দের পর 'সাধারণ' শব্দটি যোগ হবে এবং (ঘ)-তে 'বিলুপ্ত সমিতি'র আর্থিক দায় দেনা সংশ্লিষ্ট সমিতি বহন করবে' যোগ হবে।

০৮। অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ সায়েদুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩২.০০.০০০০.০৩৯.২২.১৩৭.১৯-৫১

তারিখঃ ১৩.০৪.২০২১ খ্রিঃ

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):-

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কটান গার্ডেন রোড, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (আইন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপপরিচালক (রেজি: ও জনসংযোগ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৭. সহকারী সচিব (আইন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. শাহানা পারভীন, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):-

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩/৪/২০২১
(মোঃ রেজাউল হক)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১০৭